দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র ও মাস্ক বিতরণ

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র (কম্বল) ও মাক্স বিতরণ করা হয়েছে। শীতার্ত অসহায় মানুষের সামান্য উষ্ণতা দিতে সামাজিক দায়বদ্ধতার বিষয়টি মাথায় রেখে বিগত বছরগুলোর ন্যায় সেচ্ছাসেবী এ সংগঠনটি’র আয়োজনে এবারও শীতবস্ত্র (কম্বল) ও মাস্ক বিতরণ করা হয়।

শনিবার বিকালে দামুড়হুদা দশমী সরকারি প্রাইমারি স্কুলে কম্বল ও মাস্ক বিতরণ করা হয়। “ওরা বন্ধু সংঘ’র সভাপতি সাংবাদিক তানজীর ফয়সালের সভাপতিত্বে কম্বল ও মাস্ক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলার শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির।

প্রধান অতিথির বক্তব্যে বলেন, মানবিক সমাজ প্রতিষ্ঠায় “ওরা বন্ধু সংঘ” প্রতিষ্ঠানটি প্রায় ২যুগ যাবত বিভিন্ন সামাজিক কার্যক্রম চালিয়ে আমাদের সমাজের আশপাশের নিন্মবিত্ত, মধ্যবিত্ত মানুষের মনে আশার প্রদীপ জ্বালিয়ে যাওয়ার মতো কাজ করে আসছে। এ ধরনের আয়োজন করার জন্য প্রতিষ্ঠানটির জন্য সর্বদাই আমার সহযোগিতা থাকবে ইনশাআল্লাহ। আশা করি আমাদের দামুড়হুদাতে প্রতিষ্ঠানটির কার্যক্রম আরো সম্প্রসারিত হবে বলে আমি বিশ্বাস করি।

সংগঠনটির উপদেষ্টা মন্ডলীর সদস্য শিক্ষক হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন,জাগ্রত জনতা (সেবামূলক প্রতিষ্ঠান এর প্রতিষ্ঠাতা) প্রাণী চিকিৎসক মোঃজাহাঙ্গীর আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী মোঃ ইমরান হোসেন, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বাসস্ট্যান্ড বাজার বনিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সেক্রেটারি শামসুজ্জোহা পলাশ।

এসময় আরও উপস্থিত ছিলেন “ওরা বন্ধু সংঘ’র সহ-সভাপতি আসলাম মিয়া, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ সহ ক্লাবের সদস্যবৃন্দ।